আরডিএ নিউজলেটার

পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া এর সাময়িকী

খন্ড ২২ | সংখ্যা ০২ | সেপ্টেম্বর ২০১৮

www.rda.gov.bd

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর ৪৩তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০১৮

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর ৪৩তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০১৮ পালন উপলক্ষে আরডিএ, বগুড়ায় জাতির জনকের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পনের মাধ্যমে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেন মহাপিরচালক ড. এম এ মতিন ও সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ

পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ায় যথাযোগ্য মর্যাদা ও ভাবগাম্ভির্যের সাথে হাজার বছরের শ্রেষ্ঠ বাঙ্গালী বাংলাদেশের স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর ৪৩তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০১৮ পালিত হয়েছে।

সূর্যোদয়ের সাথে সাথে একাডেমীর প্রশাসনিক ভবনের সামনে জাতীয় পতাকা অর্ধনমিতকরণের মাধ্যমে জাতীয় শোক দিবসের কর্মসূচি শুরু হয়। সকালে একাডেমীর মহাপরিচালক ড. এম এ মতিনের নেতৃত্বে সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ জাতির জনকের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পনের মাধ্যমে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেন। এরপর পল্লী উন্নয়ন একাডেমী ল্যাবরেটরী স্কুল ও কলেজের অধ্যক্ষের নেতৃত্বে ছাত্র-ছাত্রী ও শিক্ষক-শিক্ষিকাবৃন্দ জাতির জনকের প্রতিকৃতিতে শ্রদ্ধাঞ্জলি অর্পনের পর স্কাউট ও গালর্স গাইড দল জাতির পিতার প্রতিকৃতির প্রতি সম্মান জানিয়ে অভিবাদন প্রদান করেন।

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের নির্দেশনা অনুযায়ী জাতীয় শোক দিবস উপলক্ষ্যে (২য় পৃষ্ঠায় দ্রষ্টব্য)

আরডিএ পরিচালনা বোর্ডের ৪৫তম সভা

পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়া'র পরিচালনা বোর্ডের ৪৫তম সভা ৬ আগস্ট ২০১৮ বাংলাদেশ সচিবালয়ের পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সভা কক্ষে অনুষ্ঠিত হয়েছে। সভায় সভাপতিত্ব করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী এবং পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া'র পরিচালনা বোর্ডের সভাপতি খন্দকার মোশাররফ হোসেন, এমপি। তিনি তাঁর বক্তব্যে বলেন, আরডিএ'র সাম্প্রতিক কর্মকান্ড দেশের উন্নয়নে সহায়ক ভূমিকা রাখছে। সভায় উল্লেখ করা হয় যে, ফেব্রুয়ারি ২০১৭ থেকে জুন ২০১৮ পর্যন্ত আরডিএতে ৩২৮টি প্রশিক্ষণ কোর্সের মাধ্যমে ২৯,২০৪ জনকে বিভিন্ন বিষয়ের উপর প্রশিক্ষণ প্রদান ও আরডিএ উদ্ভাবিত সবুজ প্রযুক্তি অবহিতকরণ করা হয়েছে এবং ৫১টি গবেষণা কর্ম সম্পাদন ও আটটি প্রায়োগিক গবেষণা প্রকল্প পরিচালনা করা হয়েছে। সভাপতির বক্তব্যে মাননীয় মন্ত্রী বলেন, খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা অর্জন ও সুষম উন্নয়নকে গতিশীল করতে (৫ম পৃষ্ঠায় দষ্টব্য)



পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়া'র পরিচালনা বোর্ডের ৪৫তম সভায় সভাপতিত্ব করেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী এবং পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া'র পরিচালনা বোর্ডের সভাপতি খন্দকার মোশাররফ হোসেন, এমপি

জাতীয় শোক দিবস ২০১৮

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর ৪৩তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০১৮ পালন উপলক্ষে আরডিএ ক্যাম্পাসে শোক র‍্যালী

(১ম পৃষ্ঠার পর)

বর্ণাঢ্য র‍্যালীসহ একাডেমী মিলনায়তনে আলোচনা সভা, দোয়া মাহফিল ও আরডিএ ল্যাবরেটরি স্কুল এন্ড কলেজের ছাত্র-ছাত্রীদের জন্য বঙ্গবন্ধুর জীবন ও কর্মের উপর পূর্ব নির্ধারিত রচনা প্রতিযোগিতার বিজয়ীদের মাঝে পুরস্কার হিসেবে বঙ্গবন্ধুর জীবনী ভিত্তিক বই বিতরন করা হয়। আলোচনা সভায় সভাপতিত্ব করেন একাডেমীর ভারপ্রাপ্ত মহাপরিচালক ড. এম এ মতিন। এসময় বক্তব্যে তিনি বলেন, " জাতির পিতার আজন্ম লালিত স্বপ্ন ছিল ক্ষুধা ও দারিদ্র মুক্ত সুখী সুন্দর বাংলাদেশ নির্মাণ। ১৫ই আগস্ট ১৯৭৫ সালে সেই স্বপ্নকে ধ্বংস করতে সপরিবারে তাঁকে হত্যা করে পৃথিবীর ইতিহাসে বর্বরোচিত ঘটনার জন্ম দেয়া হয়। জাতির জন্য এটি ছিল অপূরণীয় এক ক্ষতি। পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া জাতির পিতার স্বপ্ন পূরণে নিরলসভাবে কাজ করে যাচ্ছে।" আলোচনা সভায় স্কুল ও কলেজের ছাত্র-ছাত্রীবৃন্দ, একাডেমীর কর্মকর্তা-কর্মচারীবৃন্দ বঙ্গবন্ধু ও ১৫ই আগষ্ট শাহাদত বরণকারী তাঁর পরিবারের সদস্যসহ সকলের প্রতি বিনম্র শ্রদ্ধা ও শোকজ্ঞাপন করেন ও পৃথিবীর ইতিহাসে নৃশংসতম এই হত্যাকান্ডের তীব্র নিন্দা জানান।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান- এঁর ৪৩তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০১৮ পালন উপলক্ষ্যে পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া'র মিলনায়তনে অনুষ্ঠিত আলোচনা ও দোয়া মাহফিলে বক্তব্য রাখছেন একাডেমীর মহাপরিচালক ড. এম এ মতিন

Green RDA
Clean RDA

"ট্রান্সফর্মিং বারিন্দ ল্যান্ডস্কেপ" শীর্ষক দুই দিনব্যাপী কর্মশালায় প্রধান অতিথির বক্তব্য রাখেন পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব আনিসুল ইসলাম মাহমুদ

আরডিএ'তে বরেন্দ্রভূমির সার্বিক ল্যান্ডস্কেপ ব্যবস্থাপনার উপর দু'দিনব্যাপী কর্মশালা

পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া'য় "ট্রান্সফর্মিং বারিন্দ ল্যান্ডস্কেপ" শীর্ষক দুই দিনব্যাপী একটি কর্মশালা ২৬-২৭ জুলাই, ২০১৮ তারিখে অনুষ্ঠিত হয়েছে। বারিন্দ ইন্ট্রিগ্রেটেড ল্যান্ডস্কেপ ট্রান্সফরমেশন মাল্টি-স্টেকহোল্ডার প্লাটফর্ম (বিআইএলটি-এমএসপি) এর আয়োজনে বিএমডিএ, আরডিএ, আইসিসিসিএডি, আইডিএমভিএস, বিশ্ব ব্যাংকের সহযোগিতায় এই কর্মশালাটি অনুষ্ঠিত হয়।

উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব আনিসুল ইসলাম মাহমুদ। তিনি বলেন, "বর্তমান সরকার জলবায়ু পরিবর্তনের ক্ষতিকর প্রভাব মোকাবেলার জন্য সঠিক অভিযোজন কৌশল নির্ধারণ করছে। যার ফলে বাংলাদেশকে জলবায়ু পরিবর্তনে বিপদাপন্ন দেশ হিসেবে না দেখে জলবায়ু পরিবর্তন সহিষ্ণু দেশ হিসেবে বিবেচনা করা হচ্ছে। এটি সম্ভব হয়েছে মাননীয় প্রধানমন্ত্রীর ঐকান্তিক প্রচেষ্টা ও দিক-নির্দেশনার জন্য। সরকার এখন মাল্টি-সেক্টরাল ও অঞ্চলভিত্তিক উন্নয়ন এপ্রোচে কাজ করছে এবং বরেন্দ্রভূমি জলবায়ু পরিবর্তনে একটি হটস্পট হিসেবে চিহ্নিত করা হয়েছে। চলমান এ উদ্যোগটি বরেন্দ্রভূমির সার্বিক ভূমি ব্যবস্থাপনায় আমূল পরিবর্তন আনবে বলে তিনি আশা ব্যক্ত করেন।"

স্বাগত বক্তব্য প্রদান করেন পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া'র মহাপরিচালক ড. এম এ মতিন। তিনি বলেন, সূচনালগ্ন হতেই আরডিএ ও বিএমডিএ সেচ ও পানিসম্পদ ব্যবস্থাপনায় একত্রে কাজ করে যাচ্ছে। আরডিএ উদ্ভাবিত সবুজ প্রযুক্তিগুলো বরেন্দ্রভূমির আর্থ-সামাজিক উন্নয়নে উল্লেখযোগ্য ভূমিকা রাখবে। কর্মশালায় মূল প্রবন্ধ উপস্থাপন করেন ড. সারা সের, প্রেসিডেন্ট ও সিইও, ইকো-এগ্রিকালচার পার্টনার, ওয়াশিংটন ডিসি। ড. সারা বলেন, স্থানীয় জনগণকে সম্পৃক্ত করে পরিকল্পনা গ্রহণ করা হলে ইন্টিগ্রেটেড ল্যান্ডস্কেপ ম্যানেজমেন্ট এপ্রোচ বাস্তবায়ন করা সহজ হবে। ইন্টারন্যাশনাল সেন্টার আব ক্লাইমেট চেঞ্জ এন্ড ডেভেলপমেন্ট এর পরিচালক আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন জলবায়ু বিজ্ঞানী ড. সামিউল হক বলেন, বরেন্দ্রভূমির উপর গবেষণা কাজে সমন্বয় সাধন করা দরকার এবং এর জন্য তাঁর সেন্টার কাজ করে যাচ্ছে। জনাব সাঈফ তানজিম কাইয়ুম, কো-অর্ডিনেটর, বাংলাদেশ প্রোগ্রাম, ২০৩০ ডব্লিউআরজি পুরো অধিবেশনে সঞ্চালকের ভূমিকা পালন করেন। এ কর্মশালায় প্রায় ৬০ জন জাতীয় পর্যায়ে গবেষক, বিজ্ঞানী ও প্রফেশনাল অংশগ্রহণ করছেন।